

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ গান-বাজনা, খেলাধুলা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

হাফ প্যান্ট পরে ব্যায়াম চর্চা করা বা খেলা বৈধ কি? এমন চর্চাকারীকে দর্শন করাই বা কি?

ব্যায়াম চর্চা করা বৈধ। যদি তা কোন ওয়াজেব জিনিস বা কর্ম থেকে উদাসীন ও প্রবৃত্ত করে না ফেলে। কারণ তা যদি কোন ওয়াজিব কর্ম থেকে প্রবৃত্ত করে, তাহলে হারাম হবে। আবার যদি ব্যায়াম করা কারো চিরচারিত অভ্যাস হয়, যাতে তার অধিকাংশ সময় তাতেই ব্যয় হয়, তাহলে তা সময় নষ্টকারী অভ্যাস। যার সর্বনিম্ন মান হবে মাকরাহ।

পক্ষান্তরে যদি ব্যায়াম চর্চাকারীর দেহে কেবল হাফ প্যান্ট থাকে, যাতে তার জাং অথবা জাঙ্গের বেশীর ভাগ অংশ দেখা যায়, তাহলে তা অবৈধ। যেহেতু শুদ্ধ অভিমত এই যে, যুবকের জন্য তার উরু আবৃত করা ওয়াজিব। তাই যদি খেলোয়াড়রা উক্ত উরু খোলা রাখা অবস্থায় থাকে, তাহলে তাঁদেরকে (ও তাঁদের খেলা) দর্শন করা বৈধ নয়। (ইবনে উসাইমিন)

এ তো পুরুষ ব্যায়াম চর্চাকারী ও খেলোয়াড়দের কথা। পক্ষান্তরে চর্চাকারিণী বা খেলোয়াড় যদি নারী হয়, তাহলে তার বৈধতার গাঢ়তা কত তা অনুমেয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1485

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন